



মোহাম্মদ জয়নুল বারী

চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

সরকারের সাবেক সচিব জনাব মোহাম্মদ জয়নুল বারী ১৬ জুন ২০২২ তারিখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান পদে যোগদান করেন। সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পূর্বে তিনি যথাক্রমে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও পরিকল্পনা বিভাগের সচিব ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজীতে স্নাতক ও স্নাতকোত্তর এবং নর্দান বিশ্ববিদ্যালয় হতে পাবলিক পলিসি এন্ড ম্যানেজমেন্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

জনাব মোহাম্মদ জয়নুল বারী ২৬ জানুয়ারি ১৯৯১ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। মাঠ প্রশাসনের সকল গুরুত্বপূর্ণ পদে তিনি দায়িত্ব পালন করেছেন। তিনি সহকারী কমিশনার, ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার হিসেবে কর্মরত ছিলেন। বিভিন্ন মন্ত্রণালয়ে তিনি সিনিয়র সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-২ এর উপ-পরিচালক (অর্থ/ব্যবস্থাপনা) এবং রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপ-পরিচালক পদে কর্মরত ছিলেন। বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়িত “Strengthening Bangladesh Public Service Commission” শীর্ষক প্রকল্পের Procurement Consultant হিসেবে তিনি কাজ করেন। তিনি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) এর পরিচালনা পর্ষদে পরিচালক এবং হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) এর সিন্ডিকেট সদস্য ছিলেন।

জনাব মোহাম্মদ জয়নুল বারী বিভিন্ন দেশে প্রশিক্ষণ, শিক্ষা সফর ও আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করেন। তন্মধ্যে শ্রীলংকা, ভিয়েতনাম, মালয়েশিয়া, থাইল্যান্ড, জাপান, চীন, অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া ও কানাডা উল্লেখযোগ্য। তিনি বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রিটিভ এসোসিয়েশনের সহ-সভাপতি ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের তিনি জীবন সদস্য।